দৈনিক খবর .30 051

তারিখ 10 OCT 1988 পৃষ্ঠা 1 কলাম 6

# শিক্ষাঙ্গন থেকে প্রতিক্রিয়াশীল গোষ্ঠীকে হটাতে হবেঃ হাসিনা

।। স্টাফ রিপোর্টার ।।

আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা বলেছেন, মুক্তিযুদ্ধের সময়ের মত সকল গণতান্ত্রিক ও প্রগতিশীল ছাত্র সংগঠনকে একযোগে কাজ করে ষড়যন্ত্রের রাজনীতির অনুসারী সাম্প্রদায়িক প্রতিক্রিয়াশীল গোষ্ঠীকে শিক্ষাঙ্গন হতে হটিয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনতে হবে।

গতকাল রোববার বঙ্গবন্ধু ভবনে ময়মনসিংহ মেডিকেল কলেজ হতে আগত একদল ছাত্র প্রতিনিধি শেখ হাসিনার সাথে সাক্ষাৎ করতে আসলে তিনি তাদের উদ্দেশে এ কথা বলেন। ছাত্র প্রতিনিধিগণ শেখ হাসিনার কাছে প্রতিক্রিয়াশীল গোষ্ঠীর হাতে ছাত্রনেতা রাইসুল হাসান নোমানের নৃশংস হত্যাকাণ্ড এবং পরবর্তী দুঃখজনক পরিস্থিতির বর্ণনা দেন।

শেখ হাসিনা বলেন, নোমান তার অল্পদিনের জীবনে বঙ্গবন্ধুর মহান আদর্শ বাস্তবায়নের জন্য ত্যাগ ও সংগ্রাম করে গেছেন। এ আদর্শ হচ্ছে বৃহৎ জনগোষ্ঠীর মুক্তি। তিনি বলেন, দেশের বুক হতে প্রতিক্রিয়াশীলদের হটিয়ে এ হত্যাকাণ্ডের যথার্থ প্রতিশোধ নেয়া সম্ভব। এ লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাওয়ার জন্য তিনি ছাত্র নেতৃবৃন্দকে আহবান জানান।

আওয়ামী লীগ সভানেত্রী বলেন, বঙ্গবন্ধুকে হত্যা করে এদেশে হত্যা,

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## শিক্ষাঙ্গন থেকে

ষড়যন্ত্র ও অগণতান্ত্রিক শাসনের সূচনা করা হয়। এর ফলে দেশে নেমে আসে সর্বগ্রাসী সংকট।

শিক্ষাঙ্গনে নৈরাজ্যমূলক পরিস্থিতির কথা উল্লেখ করে শেখ হাসিনা বলেন, সত্বর যদি দেশের শিক্ষাঙ্গনগুলোকে অশুভ শক্তির হাত হতে মুক্ত না করা যায়, তাহলে ছাত্র সমাজ অমানিশার অন্ধকারে নিক্ষিপ্ত হবে। তিনি বলেন, আজ ছাত্র সমাজকে ঐক্যবদ্ধ হতে হবে।

এদিকে গতকাল সন্ধ্যায় শেখ হাসিনা সোহরাওয়ার্দী হাসপাতালে চিকিৎসাধীন জাসদের সাধারণ সম্পাদক হাসানুল হক ইনুকে দেখতে যান। তিনি জনাব ইনুর চিকিৎসার খোঁজ-খবর নেন এবং তার আশু রোগমুক্তি কামনা করেন।